


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কচুয়া, বাগেরহাট।

নম্বর- ৪১.০১.০১৩৮.০০০.১৬.০১০.২০-৩০৬

তারিখ: ১৪-০৮-২০২৩ খি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা বাগেরহাট জেলাধীন কচুয়া উপজেলায় ভাতা প্রত্যাশী প্রতিবন্ধী ব্যক্তি, অসহায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা দুঃস্থ মহিলাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যারা এখনো বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা দুঃস্থ মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা গ্রহণ করেননি তাদেরকে যথাযথ প্রমাণক ও তথ্য (যেমন- বয়স্ক ভাতার ক্ষেত্রে আবেদনকারীর বয়স পুরুষ ৬৫ বা তদুর্ধ্ব বছর ও মহিলাদের ক্ষেত্রে ৬২ বা তদুর্ধ্ব বছর এবং বার্ষিক গড় আয় অনধিক ১০ হাজার টাকা এবং বিধবা ও স্বামী নিগৃহীতা দুঃস্থ মহিলার জন্য স্বামীর মৃত্যু সনদ এবং বার্ষিক গড় আয় অনধিক ১০ হাজার টাকা হতে হবে; প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে; আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে; আবেদনকারী অন্য কোন সরকারি সুবিধা পেয়ে থাকলে তিনি এই সুবিধার জন্য বিবেচিত হবেন না) থাকা সাপেক্ষে ১০ আগস্ট থেকে ১০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ পর্যন্ত mis.bhata.gov.bd/onlineApplication অনলাইন লিংকে ভাতার আবেদন গ্রহণ করা হবে। অনলাইন আবেদন ব্যতীত ভাতা প্রদান করা হবে না। ভাতা পেতে কোন টাকা লাগে না। প্রতারক বা দালাল চক্র থেকে সাবধান থাকার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য যে, ১০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পর কোন অনলাইন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের মধ্যে ভাতা প্রত্যাশী অসহায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা দুঃস্থ মহিলা ও প্রতিবন্ধী ব্যক্তিদের অনলাইন আবেদন সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।


শেখ হাসিবুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার
কচুয়া, বাগেরহাট।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক (উপসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর, খুলনা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, বাগেরহাট।
- ৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট।
- ৬।..... কর্মকর্তা, কচুয়া, বাগেরহাট।
- ৭। চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, কচুয়া, বাগেরহাট।
- ৮। সভাপতি, প্রেস ক্লাব, কচুয়া, বাগেরহাট।
- ৯। জনাব ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, কচুয়া, বাগেরহাট।
- ১০। অফিস কপি।